CS (Main) Exam, 2020

বাংলা / BENGALI

প্রশ্নপত্র II / Paper II

(সাহিত্য) / (LITERATURE)

সময় : **3** ঘন্টা *Time Allowed :* ***Three*** *Hours*	পূর্ণাঙ্ক : **250** *Maximum Marks :* **250**

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :

প্রশ্নপত্রের ***দুটি ভাগে*** *সর্বসমেত* ***আটটি (8)*** *প্রশ্ন আছে ।*

পরীক্ষার্থীকে সর্বসমেত ***পাঁচটি (5)*** *প্রশ্নের উত্তর দিতে হবে ।*

প্রথম (1) *এবং* ***পঞ্চম (5)*** *প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট* ***তিনটি (3)*** *দুটি বিভাগ থেকে অন্তত* ***একটি*** *করে নির্বাচন করতে হবে ।*

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।

উত্তরগুলি ***বাংলা (বাংলা লিপি)*** *অক্ষরে লিখতে হবে ।*

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিস্কারভাবে কেটে দিতে হবে ।

Question Paper Specific Instructions

Please read each of the following instructions carefully before attempting questions :

There are ***EIGHT*** *questions divided in* ***TWO SECTIONS.***

Candidate has to attempt ***FIVE*** *questions in all.*

Question nos. ***1*** *and* ***5*** *are compulsory and out of the remaining, any* ***THREE*** *are to be attempted choosing at least* ***ONE*** *question from each section.*

The number of marks carried by a question / part is indicated against it.

Answers must be written in ***BENGALI (Bengali script).***

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION A

Q1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধসীমা 150) : *10×5=50*

(a) "এ সখি হামারি দুখের নাহি ওর ।
এ ভরা বাদর মাহ ভাদর
শূন্য মন্দির মোর ।" *10*

(b) "প্রাণের দোসর ভাই গেল পরলোক ।
উদরের জ্বালা আর সোদরের শোক ।।
হাতে পদে দড়ি দিয়া বান্ধে দুই তোক ।
গড়াগড়ি দিয়া কান্দে রায়বার কোক ।।" *10*

(c) "কৃষ্ণের অনন্তশক্তি, তাতে তিন প্রধান ।
চিচ্ছক্তি, মায়াশক্তি, জীবশক্তি নাম ।।" *10*

(d) "কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে,
প্রচেতঃ ! হা ধিক্ ওহে জলদলপতি !
এই কি সাজে তোমারে, অলঙ্ঘ্য, অজেয়
তুমি ? হায়, এই কিহে তোমার ভূষণ," *10*

(e) "আমাদের দুটো জীবন আছে — একটা মনুষ্যলোকে, আর একটা ভাবলোকে । সেই ভাবলোকের জীবনবৃত্তান্তের অনেকগুলি পৃষ্ঠা আমি পদ্মার উপরকার আকাশে লিখে গেছি ।" *10*

Q2. (a) 'পূর্বরাগ' বলতে কী বোঝায় ? উদাহরণ সহযোগে পূর্বরাগ ও অনুরাগের তুলনামূলক আলোচনা করুন । *20*

(b) কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল কাব্য'-এর 'নারীগণের পতিনিন্দা', 'পশুগণের ক্রন্দন' ও 'ফুল্লরার বারমাস্যা' অংশের সমাজ-বাস্তবতার স্বরূপ নির্ণয় করুন । *15*

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে 'জ্ঞানমিশ্রাভক্তি'-র স্বরূপ আলোচনা করো । *15*

Optional Province · optionalprovince.com

Q3. (a) 'মেঘনাদবধ কাব্য' কে কোন শ্রেণির মহাকাব্য বলা যায় । বৈশিষ্ট্যসহ আলোচনা করুন । *20*

(b) কপালকুণ্ডলা চরিত্রটিগঠনে প্রকৃতির ভূমিকা আলোচনা করুন । *15*

(c) 'সোনারতরী'-র কবিতায় বিশ্বপ্রকৃতির রূপ যেভাবে চিত্রিত হয়েছে সংশ্লিষ্ট কবিতা অলবম্বনে তার পরিচয় দিন । *15*

Q4. (a) "মনুষ্যে মনুষ্যে সমানাধিকার বিশিষ্ট – ইহাই সাম্যনীতি ।" পঠিত প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের এই সাম্যনীতির পরিচয় দিন । *15*

(b) "দেশের অত্যন্ত শ্রীবৃদ্ধি হইয়াছে । অসাধারণ কৃষিলক্ষ্মী দেশের প্রতি সুপ্রসন্না ।" তবু বঙ্গদেশের কৃষকের দুর্দশা না ঘোচার কারণ প্রাবন্ধিক যেভাবে নির্দেশ করেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তা বিশ্লেষণ করুন । *15*

(c) 'সোনারতরী' কাব্যগ্রন্থের বেশ কিছু কবিতার মুহূর্ত-কথা রবীন্দ্রনাথের 'ছিন্নপত্রাবলী'র মধ্যে খুঁছে পাওয়া যায় । 'ছিন্নপত্রাবলী' অবলম্বনে সেই মুহূর্ত গুলোর পরিচয় দিন । *20*

Optional Province · optionalprovince.com

SECTION B

Q5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধসীমা 150) : *10×5=50*

(a) "ওদের কাছে আমরা মানুষ নই, কেবল সংখ্যা ।" *10*

(b) "তোমরা রচিলে যারে
নানা অলংকারে
তারে তো চিনি নে আমি,
চেনেন না মোর অন্তর্যামী" *10*

(c) "শীতকালে আগুন পোহাইতে আহ্বান করা ভদ্রতার পরিচয় ।" *10*

(d) "ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটি এরোপ্লেন উড়িয়া যাইতেছিল । দেখিতে দেখিতে সেটি সুন্দরবনের উপর পৌঁছিয়া গেল ।" *10*

(e) "সকল লোকের মাঝে ব'সে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা ?" *10*

Q6. (a) "আমার রঞ্জনের জোর তোমাদের শঙ্খিনী নদীর মতো । ঐ নদীর মতোই সে যেমন হাসতেও পারে তেমনি ভাঙতেও পারে ।" নন্দিনীর এই উক্তির আলোকে রঞ্জন চরিত্রটি বিশ্লেষণ করুন । *20*

(b) 'বুদ্ধভক্তি' কবিতাটি শুরুর আগে রবীন্দ্রনাথ লিখেছিলেন : "জাপানের কোনো কাগজে পড়েছি, জাপানি সৈনিক যুদ্ধের সাফল্য কামনা করে বুদ্ধমন্দিরে পূজা দিতে গিয়েছিল । ওরা শক্তির বাণ মারছে চীনকে, ভক্তির বাণ বুদ্ধকে ।" এই বক্তব্যের সাপেক্ষে 'বুদ্ধভক্তি' কবিতাটি বিশ্লেষণ করুন । *15*

(c) 'গৃহদাহ' উপন্যাসের ঘটনা-সংগঠনে অপ্রধান চরিত্রগুলির ভূমিকা আলোচনা করুন । *15*

Optional Province · optionalprovince.com

Q7. (a) বঙ্গ সাহিত্যের নবযুগের যে যে বৈশিষ্ট্য গুলি প্রমথ চৌধুরী চিহ্নিত করেছিলেন — তার মধ্যে দিয়ে বঙ্গ সাহিত্যে নবযুগ কি সত্যিই সূচিত হয়েছিল বলে আপনার মনে হয় ? যুক্তিসহ আলোচনা করুন । *20*

(b) 'আরণ্যক' উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণের প্রকৃতি-মুগ্ধতার পরিচয় দিন । *15*

(c) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির অ্যাবসার্ডিটি সংগঠনে 'লেখক' চরিত্রটির গুরুত্ব পর্যালোচনা করুন । *15*

Q8. (a) কবি জীবনানন্দের প্রেমচেতনা প্রকৃতিচেতনা-সময়চেতনার অপূর্ব মেলবন্ধন 'বনলতা সেন' — কবিতাটি অবলম্বনে আলোচনা করুন । *20*

(b) 'জাগরী' উপন্যাসে 'মা' চরিত্রের আত্মিক সংকটের যে পরিচয় পাওয়া যায় তার স্বরূপ ব্যাখ্যা করুন । *15*

(c) 'হারানের নাতজামাই' ও 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প অবলম্বনে গল্পকারের রাজনৈতিক সচেতনতার পরিচয় দিন । *15*

Optional Province · optionalprovince.com

Optional Province · optionalprovince.com